"শেখ হাসিনার উদ্যোগ,ঘরে ঘরে বিদ্যুৎ"

# বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

**Bangladesh Power Development Board**

কর্মচারী পরিদপ্তর
ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।

স্মারক নম্বর : ২৭.১১.০০০০.২১০.৫২.০০৩.২০-১২২

তারিখ : ০৯-০৬-২০২১ খ্রিঃ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অধীনে সরকারের চাকরি [স্বশাসিত (পাবলিক Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ অনুযায়ী প্রচলিত বেতনস্কেলে নিরাপত্তা পরিদর্শক এবং নিরাপত্তা তদারককারী পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে http://bpdb.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে :

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>পদের নাম ও বেতন স্কেল</th><th>পদের সংখ্যা</th><th>নূন্যতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা</th></tr>
<tr><td>১।</td><td>নিরাপত্তা পরিদর্শক<br>১০,২০০/-হইতে<br>২৪,৬৮০/-</td><td>১৩</td><td>ক) ন্যূনতম ২য় শ্রেণির স্নাতক পাশ<br>খ) (১)এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে
<table>
<tr><td>জিপিএ-৩.০০ বা তদূর্ধ্ব</td><td>প্রথম বিভাগ</td></tr>
<tr><td>জিপিএ-২.০০ থেকে ৩.০০ এর কম</td><td>দ্বিতীয় বিভাগ</td></tr>
</table>
(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-
<table>
<tr><td colspan="2">অর্জিত সিজিপিএ</td><td>সমতুল্য শ্রেণী/বিভাগ</td></tr>
<tr><td>৪.০০পয়েন্ট স্কেলে</td><td>৫.০০পয়েন্ট স্কেলে</td><td></td></tr>
<tr><td>৩.০০ বা তদুর্ধ্ব</td><td>৩.৭৫ বা তদুর্ধ্ব</td><td>প্রথম বিভাগ/শ্রেণি</td></tr>
<tr><td>২.২৫ বা তদুর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম</td><td>২.৮১৩ বা তদুর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম</td><td>দ্বিতীয় বিভাগ/শ্রেণি</td></tr>
</table>
গ) কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ এর নিম্নে নহে।<br>ঘ) বৃহৎ শিল্প বা বাণিজ্যিক প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।</td></tr>
<tr><td>২।</td><td>নিরাপত্তা<br>তদারককারী<br>৯,৭০০/- হইতে<br>২৩,৪৯০/-</td><td>১৬</td><td>ক) এসএসসি বা সমমান পাশ<br>খ) এসএসসি বা সমমান পরীক্ষার ক্ষেত্রে
<table>
<tr><td>জিপিএ-৩.০০ বা ২য় শ্রেণি</td><td>প্রথম বিভাগ</td></tr>
<tr><td>জিপিএ-২.০০ থেকে ৩.০০ এর কম</td><td>দ্বিতীয় বিভাগ</td></tr>
</table>
গ) কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ এর নিম্নে নহে।<br>ঘ) বৃহৎ শিল্প বা বাণিজ্যিক প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।</td></tr>
</table>

**শর্তাবলী :**

১) বয়সসীমা ০৬-০৬-২০২১ খ্রিঃ তারিখে ১৮-৩০ বৎসর। প্রতিবন্ধী ও বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে ১৮-৩২ বৎসর। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিম্ন পদে কমপক্ষে ০৮ (আট) বৎসরের অভিজ্ঞতাসহ উর্ধ্ব বয়স ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

২) সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

৩) প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নিকট থেকে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রাদি আহ্বান করা হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

৪) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সকল বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনরূপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৫) ক) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদপত্র থাকতে হবে। জেলা প্রশাসক ব্যতিত অন্য কোন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদ গ্রহণ করা হবে না।

খ) প্রতিবন্ধী কোটার প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ থাকতে হবে।

গ) এতিম এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র থাকতে হবে।

৬) ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৮-১০-২০২০ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ নং পরিপত্র মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইটে (www.mowla.gov.bd) এবং পরিপত্রে বর্ণিত ৩৩ (তেত্রিশ) ধরনের প্রমানক/গেজেট এর যে কোন একটিতে আবেদনকারী প্রার্থী যে বীর মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানের সন্তান তার নাম থাকতে হবে। উক্ত নামের সহিত আবেদনপত্রে উল্লেখিত বীর মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম এবং ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

খ) আবেদনকারী প্রার্থী যে বীর মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান তা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত প্রার্থীর পিতা/মাতার নাম এবং বীর মুক্তিযোদ্ধার সন্তানের নাম উল্লেখসহ বীর মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের সুস্পষ্ট প্রত্যয়ন থাকতে হবে।

চলমান-২

৭) কেবলামাত্র প্রকৃত বাংলাদেশী নাগরিকগণ এ পদে আবেদন করতে পারবেন।
৮) অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকে বাতিল করা হবে।
৯) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
১০) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১১) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

<u>অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী</u> :

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি <u>http://bpdb.teletalk.com.bd</u> এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

i. **Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ১৫ -০৬-২০২১ খ্রিঃ, সকাল-১০.০০ টা।**

ii. **Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ১১-০৭-২০২১ খ্রিঃ, বিকাল-৫.০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ **আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :**

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant`s copy পাবেন। উক্ত Applicant`s copy প্রার্থী রঙ্গিন প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant`s কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি-বাবদ ৪০০/-(চারশত) টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

<u>প্রথম SMS</u>:BPDB<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example: BPDB ABCDEF**

Reply: Applicant`s Name, Tk-400/-(Four Hundred) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee type BPDB<Space>Yes<space>PIN and send to 16222.

<u>দ্বিতীয় SMS</u>:BPDB<space>Yes<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example: BPDB YES 12345678**

Reply: Congratulation Applicant's Name, payment completed successfully for BPDB Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxxx).

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি <u>http://bpdb.teletalk.com.bd</u>** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে **SMS** এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। **Online** আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায়, উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, **SMS** পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ. **SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।**

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন হতে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BPDB<space>Help<Space>User<Space>User ID & Send to 16222 নম্বরে।
Example: BPDB Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে BPDB<space>Help<Space>PINr<Space>PIN No & Send to 16222 নম্বরে।
Example: BPDB Help PIN 12345678 & send to 16222

ঝ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল করুন। এ ছাড়াও **<u>vas.query@teletalk.com.bd</u>** এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। **(Mail এর subject-এ Organization Name:BPDB,Post Name*****,Applicants User ID Contact Number** অবশ্যই উল্লেখ করতে হবে।)

***শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(নাসরিন পারভীন)
পরিচালক, কর্মচারী পরিদপ্তর
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।